## **Times Today BD**

শাহজাহান আলী বিপাশ। জেলার খবর। 26 March, 2025

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে অবৈধ ভাবে সীমান্ত পার হয়ে ভারতে যাবার সময় ৪জন নারী ও এক পুরুষসহ ৮ জনকে আটক করেছে ৫৮ বিজিবি। বুধবার সন্ধ্যার দিকে পরিয়নপুর গ্রামের মাঠ থেকে তাদের আটক করা হয়।

মহেশপুর খালিশপুর ৫৮ বিজিবির পক্ষ থেকে সহকারী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম জানান, বুধবার পলিয়নপুর মাঠ থেকে একজন পুরুষ ও ৪জন নারীকে আটক করা হয় তাদের বাড়ি সাতক্ষিরা জেলার কলারোয়া উপজেলার বিভিন্ন গ্রামে।এছাড়া উপজেলার কাঞ্চনপুর গ্রাম থেকে আরো ৩ জন পুরুষকে আটক করা হয়। সকলে অবৈধ ভাবে সীমান্ত পার হয়ে ভারতে যাবার চেষ্টা করছিল।এ ব্যাপারে মহেশপুর থানায় মামলা হয়েছে।

ঝিনাইদহ বিজিবি অবৈধ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 20:33

URL: https://www.timestodaybd.com/countrywide/28679072